গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্য্যালয়
মানিকগঞ্জ।

স্মারক নং- এলজিইডি/ইই/মানিক/ সি-১৭৫৭/০৩-০৪/৭৫৭ তারিখ: ০২/১১/২০০৩ইং।

দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০০৩-২০০৪ ইং।

১। ২০০৩-২০০৪ ইং অর্থ বৎসরে অগ্রাধিকার ভিত্তিক (৩য় খন্ড) প্রকল্পের আওতায় নিম্নবর্নিত কাজটি বাস্তবায়নের জন্য এলজিইডি'র তালিকাভুক্ত শ্রেনীভিত্তিক সকল ঠিকাদার এবং এলজিইডি ও স ও জ অধিদপ্তরের সংগে যৌথ রেজিষ্ট্রিকৃত এবং সকল প্রকল্পের পূর্ব যোগ্যতা সম্পন্ন নবায়নকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে বাংলাদেশ ফরম নং-২৯১১-এ সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

২। কাজের সিডিউল সমুহ আগামী ১৮/১১/২০০৩ইং তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত বিভাগীয় কমিশনার ,ঢাকা, প্রকল্প পরিচালক, অগ্রাধিকার ভিত্তিক (৩য় খন্ড) প্রকল্প, এলজিইডি ভবন, আগারগাঁও,শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭, নির্বাহী প্রকৌশলীর কার্য্যালয়, এলজিইডি, ঢাকা/ গাজীপুর/ নারায়নগঞ্জ, উপজেলা প্রকৌশলীর কার্য্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ এবং নিম্নস্বাক্ষরকারী দপ্তর হইতে নির্ধারিত মুল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র সমুহ আগামী ১৯-১১-২০০৩ইং তারিখ মোতাবেক বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত উলেখিত দপ্তর সমুহে রক্ষিত দরপত্র বাক্সে গৃহীত হইবে এবং ঐ দিনই বেলা ২-০০ ঘটিকার সময় উলেখিত দপ্তর সমুহে উপস্হিত ঠিকাদারগনের সম্মুখে (যদি কেহ উপস্হিত থাকেন) দরপত্র সমুহ খোলা হইবে।

৩। দরপত্রের সহিত উদ্ধৃত মুল্যের ২.৫০%(শতকরা আড়াই ভাগ) হারে বায়নার টাকা নিম্নস্বাক্ষরকারীর অনুকুলে যে কোন তফসীল ব্যাংক হইতে বিডি/সিডি/পে-অর্ডার আকারে দাখিল করিতে হইবে।

৪। দরপত্রে অবশ্যই আইটেম ওয়ারী দর বিশেষন দাখিল করিতে হইবে এবং এক্ষেত্রে ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর যদি কোন আইটেমের সিডিউল রেট অপেক্ষা বেশী হয় তা হইলে ঠিকাদার উক্ত কাজের বিল গ্রহনকালে বর্নিত আইটেমে অনুমোদিত প্রাক্কলিত রেট অনুযায়ী বিল গ্রহন করিতে বাধ্য থাকিবেন। কাজ সমাপ্তির পর চুড়ান্ত বিলে ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরই উক্ত আইটেমে বিল পরিশোধ করা হইবে।

৫। যদি কোন বিশেষ আইটেমে মোট সম্পাদিত কাজের পরিমান টেন্ডারে ঐ আইটেমে প্রদর্শিত পরিমান অপেক্ষা ২৫% বেশী হয়, সে ক্ষেত্রে ২৫% পর্যন্ত পরিমান ঠিকাদার কর্তৃক প্রদত্ত দরে এবং অবশিষ্ট পরিমান এলজিইডি সিডিউল রেটে পাওনা পরিশোধ করা হইবে। যদি উক্ত আইটেম এলজিইডি রেট সিডিউল ভুক্ত না হয়, সে ক্ষেত্রে অন্য কোন সরকারী অধিদপ্তরের রেট সিডিউলে পদর্শিত দর, অন্যথায় সদর দপ্তর কর্তৃক ধার্য্যকৃত দরে ঠিকাদারের পাওনা পরিশোধ করা হইবে।

৬। কোন (Non Tender Item (NTI)-এর কাজ করা হয় সে ক্ষেত্রে সদর দপ্তর কর্তৃক এ আইটেমের দর ও পরিমান চুড়ান্ত করার পর ঠিকাদারকে ঐ ধরনের কাজের কাজ করার নির্দেশ দেওয়া হইবে।

৭। দরপত্রের সহিত অবশ্যই আইটেমওয়ারী ওয়ার্ক প্যান দাখিল করিতে হইবে। ওয়ার্ক প্যান বিহীন দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৮। দরপত্রের সহিত হালনাগাদ আয়কর (টিন) ও মুল্য সংযোজন কর (ভ্যাট) রেজিষ্ট্রেশন সনদপত্র দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৯। দরপত্রের সহিত সংযুক্ত প্রয়োজনীয় নূন্যতম সংখ্যকল্যাব পরীক্ষা ও Frequancy হালনাগাদ দর তালিকায় স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

১০। বিভাগীয় যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে ভাড়া সম্পদিত কাজের ভিত্তিতে LGED Rate Schedule এ বর্নিত দরে বিল হইতে কর্তন করা হইবে। তবে তা কোন অবস্হাতেই দৈনিক হিসাবে উক্ত সিডিউলে বর্নিত দরে প্রাপ্ত পরিমান থেকে কম হইবে না তাহা মানিয়া নিতে হইবে।

১১। এলজিইডির আওতাধীন সকল উন্নয়নমুলক স্কীম/স্কীমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে সংশিষ্ট ঠিকাদার নিজ যন্ত্রপাতি অথবা এলজিইডির নির্মান যন্ত্রপাতি ব্যবহার করিতে বাধ্য থাকিবে।

১২। এলজিইডির নির্মন/রক্ষনাবেক্ষণ কাজে অন্যকোন সরকারী /আধাসরকারী /শায়ত্ব-শাষিত/স্হানীয় সরকার প্রতিষ্ঠানের রোলার/নির্মান যন্ত্রপাতি ব্যবহার করা যাইবে না।

১৩। ঠিকাদারের নিজ যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে দরপত্রের সাথে নির্মান যন্ত্রপাতির বিবরণ ও তাহার মালিকানার বিষয়ে প্রমানাদি দাখিল করিতে হইবে এবং সেই অনুযায়ী সুনির্দিষ্টভাবে নিজ যন্ত্রপাতি ব্যবহারের অনুমোতি প্রদান করা হইবে।

১৪। এলজিইডি কর্তৃক নির্মান যন্ত্রপাতি সরবরাহ করিতে না পারার ক্ষেত্রে এই মর্মে সংশিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট হইতে একটি প্রত্যয়নপত্র সংগ্রহ করিতে হইবে এবং ঠিকদার বিকল্প ব্যবস্হায় যন্ত্রপাতি ব্যবহার করিতে পারিবে। উক্ত প্রত্যয়ন বিলের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে। অন্যথায় বিল হইতে ভাড়া বাবদ অর্থবাদ দেওয়া হইবে।

১৫। বিভাগীয়/উদ্ধারকৃত মালামাল (Salvaged Materials) ব্যবহারের ক্ষেত্রে Tender Schedule এ উলেখিত Fixed Amount বিল হইতে কর্তন করা হইবে।

১৬। রাস্তা / ব্রীজ মেরামত অথবা পুনর্বাসন কাজ চলাকালীন সময় যানবাহন চলাচল ব্যবস্হা ঠিকাদারকে নিজ দায়িত্বে ও ব্যয়ে নিশ্চিত করিতে হইবে এবং সাইটে পরিস্কার পরিচছন্নতা বহাল রাখিতে হইবে।

১৭। কাজ চলাকালীন সময়ে ঠিকাদার/ তাঁহার মনোনীত প্রতিনিধি সাইটে সার্বক্ষনিক উপস্হিত থাকিতে হইবে ও সাইট অর্ডার বুক সংরক্ষন করিতে হইবে।

১৮। দর অবশ্যই কথায় ও অংকে লিখিত হইতে হইবে। শুধুমাত্র কথায় লিখিত দর বিবেচিত হইবে না । দর উলেখে কোন রকম কাটাকাটি, ঘষামাজা গ্রহনযোগ্য নহে।

১৯। দরপত্র ক্রয়ের রশিদ দরপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করিতে হইবে এবং খামের উপরে গ্রুপের কোড নম্বর লিখিতে হইবে।

২০। দরপত্র সমুহ দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র গ্রহনকারী অফিস সমুহে প্রাপ্তি স্বীকৃতব্য ডাকযোগে (Registry with AD)দাখিল করা যাইবে। তবে এইক্ষেত্রে দরপত্র সমুহ দরপত্র গ্রহনের সর্বশেষ সময়ের পুর্বেই সংশিষ্ট অফিসে পৌছাইতে হইবে। অন্যথায় তাহা গ্রহনযোগ্য হইবে না।

২১। কোন দরপত্র দাতা অন্য দরপত্র দাতাকে সিডিউল ক্রয় বা দাখিলের বাধা প্রদান বা নেগোশিয়েশনে সহায়তা করার বিষয় প্রমানিত হইলে সংশিষ্ট ঠিকাদারের দরপত্র ও তালিকা ভুক্তি বাতিল করা হইবে।

২২। সদর দপ্তর হইতে প্রাক্কলন পরীক্ষা নিরীক্ষা করে অনুমোদন প্রদানের সময় যদি প্রাক্কলনে কোন সংশোধনী আনায়ন করা হয় তবে উক্ত সংশোধনী অনুযায়ী ঠিকাদার কাজ করিতে বাধ্য থাকিবেন।

২৩। **উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তক প্রাক্কলন অনুমোদনের পর সিডিউলে বর্নিত কাজের পরিমান কম/বেশী হইতে পারে। যাহা মুল চুক্তির শর্ত অনুযায়ী ঠিকাদার সম্পাদন করিতে অথবা দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলীর পরামর্শ অনুযায়ী কাজ করিতে বাধ্য থাকিবেন।**

(২য়ঃ পৃঃ দ্রঃ)

২৪। কেবলমাত্র সংশ্লিষ্ট প্রকল্পের থাতে অর্থ স্হিতি সাপেক্ষে বিল প্রদান করা হইবে।

২৫। উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট প্রাক্কলন অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্য্যাদেশ প্রদান করা হইবে।

২৬। **দরপত্র দাখিলের দিন যদি স্বাভাবিক চলাচল বা স্বাভাবিক জীবন যাত্রা কোন ভাবে ব্যহত হয় তবে পরের কর্মদিবসে দরপত্র গ্রহন করা হইবে।**

২৭। **দরপত্রের সহিত প্রদানকৃত অতিরিক্ত শর্তাবলী ও অন্যান্য কাগজ পত্রাদি দরপত্র দলিলের টেন্ডার ডকুমেন্ট হিসাবে গন্য হইবে।**

২৮। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

কোড নং	প্রকল্পের নাম	বায়নার টাকার পরিমান	সিডিউলের মুল্য	কাজ সমাপ্তির সময় সীমা	ঠিকাদারের শ্রেনী
১	২	৪	৫	৬	৭
০২০৩০৪০১	হরিরামপুর উপজেলাধীন যাত্রাপুর কান্ঠাপাড়া উন্নায়নাধীন রাস্তায় ২(দুই) ভেন্ট পাইপ কালভার্ট নির্মান।	উদ্ধৃত মুলের ২.৫%	৩০০.০০	৬০ দিন	এলজিইডির সকল শ্রেনী ও বিভিন্ন প্রকল্পের পুর্ব-যোগ্যতা সম্পন্ন

নির্বাহী প্রকৌশলী
এলজিইডি, মানিকগঞ্জ।